

Visit to India of H.E. Sheikh Dr. Ahmed Nasser Al-Mohammad Al-Sabah, Foreign Minister and MOS for Cabinet Affairs, State of Kuwait (March 17-18, 2021)

March 18, 2021

কুয়েতের পররাষ্ট্র মন্ত্রী ও মন্ত্রিসভা বিষয়ক প্রতিমন্ত্রী মাননীয় শেখ ড. আহমেদ নাসের আল-মোহাম্মদ আল-সাবাহর ভারত সফর (17-18 মার্চ, 2021)

মার্চ 18, 2021

কুয়েতের পররাষ্ট্র মন্ত্রী এবং মন্ত্রিপরিষদ বিষয়ক মন্ত্রী মাননীয় শেখ ড. আহমেদ নাসের আল-মোহাম্মদ আল-সাবাহ, 17-18 মার্চ 2021 ভারতীয় পররাষ্ট্র মন্ত্রী ডঃ জয়শঙ্করের আমন্ত্রণে ভারত সফর করেন। 18 মার্চ, 2021 সকালে দুই মন্ত্রী সাক্ষাৎ করেন এবং ভারত-কুয়েত দ্বিপাক্ষিক সম্পর্ক এবং উভয় দেশের আঞ্চলিক উন্নয়ন বিষয়ে আলোচনা করেন। তাঁরা দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ঐতিহ্য এগিয়ে নিয়ে যাওয়ার উপায় এবং পন্থা অনুসন্ধান করেন।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর উদ্দেশ্যে লেখা কুয়েতের মহামান্য প্রধানমন্ত্রী শেখ সাবাহ খালেদ আল-হামাদ আল-সাবাহর একটি চিঠি পররাষ্ট্র মন্ত্রী মাননীয় শেখ ড. আহমেদ নাসের আমাদের পররাষ্ট্র মন্ত্রীর হাতে তুলে দেন।

সফরের সময় বিদেশ মন্ত্রক পর্যায়ে একটি যৌথ মন্ত্রী কমিশন প্রতিষ্ঠার বিষয়ে একটি যৌথ বিবৃতি জারি করা হয়েছিল। পররাষ্ট্র দফতরের সব মন্ত্রনা এবং যৌথ কার্যনির্বাহী গোষ্ঠীর সমস্ত দ্বিপাক্ষিক প্রাতিষ্ঠানিক কার্যক্রমের জন্য একটি ছাতা হিসাবে কাজ করবে যৌথ কমিশনের বৈঠকটি (জেসিএম)। হাইড্রোকার্বন, জনশক্তি ও সক্রিয়তা এবং স্বাস্থ্য সেবা সম্পর্কিত বিদ্যমান যৌথ কার্যনির্বাহী গোষ্ঠী ছাড়াও বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা এবং সুরক্ষা ইত্যাদির উপর নতুন জেডার্লিউজিএস স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে।

2021 সালের ফেব্রুয়ারি মাসে ভারতে প্রস্তুত কোভিড-19 ভ্যাকসিনের 200,000 ডোজ কুয়েতে সরবরাহ করার জন্য বিদেশী মন্ত্রী শেখ আহমেদ নাসের ভারত সরকারকে ধন্যবাদ জানান। কোভিড-19 মহামারীর সময় কুয়েতে বসবাসকারী বৃহৎ ভারতীয় সম্প্রদায়ের সুরক্ষা এবং সর্বাঙ্গীণ ব্যবস্থা করার জন্য বিদেশ মন্ত্রী কুয়েতের নেতৃত্ব এবং সরকারকে ধন্যবাদ জানান। তিনি আশা করেন যে শীঘ্রই ভারতীয়রা বৃহত্তর সংখ্যায় কুয়েতে ভ্রমণ শুরু করতে সক্ষম হবে। কোভিড-19 মহামারীর বিরুদ্ধে কুয়েতের লড়াইয়ের প্রতি তিনি ভারতের নিরবিচ্ছিন্ন সমর্থন প্রকাশ করেন। স্বাস্থ্য সুরক্ষা ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর প্রয়োজনীয়তার উপর উভয় পক্ষই জোর দেন।

কুয়েতের সাথে বাণিজ্য ক্ষেত্রে ভারত অন্যতম বৃহত্তম অংশীদার। দুই দেশের মধ্যে শক্তি, বাণিজ্য, স্বাস্থ্যসেবা,

প্রতিরক্ষা এবং প্রযুক্তি, আইটি, সাইবার সুরক্ষা, সংস্কৃতি, শিক্ষা এবং পর্যটনের মতো ক্ষেত্রে আরও জোরদার ও গভীর সম্পর্কস্থাপনের উল্লেখযোগ্য সুযোগ বর্তমান। বিদেশমন্ত্রী জ্বালানী, পরিকাঠামো, খাদ্য সুরক্ষা, স্বাস্থ্যসেবা এবং শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে কুয়েত থেকে ভারতে আরও বিনিয়োগের আমন্ত্রণ জানান।

উভয় মন্ত্রী সর্বশেষ আঞ্চলিক এবং আন্তর্জাতিক উন্নয়ন পর্যালোচনা করেন এবং বহুপাক্ষিক ফোরামে পারস্পরিক স্বার্থজড়িত বিষয়ে ঘনিষ্ঠভাবে কাজ করতে সম্মত হন। দুই পক্ষই 2021-22 সালে তাদের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 60তম বার্ষিকী যৌথভাবে উদযাপন করবে।

নিউ দিল্লি

মার্চ 18, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.